

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.৯৯.০০৮.২৪ নথির বিষয়: মহামান্য হাইকোর্ট এর আদেশ মোতাবেক বুড়িগঙ্গা নদীর দূষন রোধ কল্পে জনসচেতনতা মূলক কাজ বাবদ সর্বমোট ২৪,৪০০/- টাকা নগদে ক্রয় করার অনুমোদন প্রদান প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মহামান্য হাইকোর্ট এর আদেশ মোতাবেক বুড়িগঙ্গা নদীর দূষন রোধ কল্পে জনসচেতনতা মূলক কাজ বাবদ সর্বমোট ২৪,৪০০/- টাকা নগদে ক্রয় করার অনুমোদন প্রদান প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩/৩/২৪ ১০:৫৭ পূর্বাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বুড়িগঙ্গা নদীর দূষন রোধ কল্পে মহামান্য হাইকোর্টে জনস্বার্থে Human Rights Peace for Bangladesh (HRPB) কর্তৃক রীট পিটিশন নং-৩৬৭৬/২০১০ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট গত ০৯/০৩/২০২১ ইং তারিখে যে আদেশ প্রদান করেন তা বাস্তবায়নের জন্য ঢাকা ওয়াসার আওতাধীন যে সকল হোল্ডিং/প্রতিষ্ঠানে সেপটিক ট্যাঙ্ক (Septic Tank) এবং সোকপিট (Soak Pit) নেই সেই সকল হোল্ডিং/প্রতিষ্ঠানকে সেপটিক ট্যাঙ্ক (Septic Tank) এবং সোকপিট (Soak Pit) নির্মাণ করার জন্য অনুরোধ জানিয়ে জাতীয় দৈনিক পত্রিকায় গত ২৫/০৩/২০২১ ইং তারিখে গণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পাশাপাশি জনসচেতনতার বৃদ্ধির লক্ষে লিফলেট, ব্যানার এবং মাইকিং করা হবে। যাতে ভবিষ্যতে সম্মানিত গ্রাহকগণ সেপটিক ট্যাঙ্ক (Septic Tank) এবং সোকপিট (Soak Pit) অতিদ্রুত সময়ের মধ্যে নির্মাণ করবেন। মহামান্য হাইকোর্টে জনস্বার্থে Human Rights Peace for Bangladesh (HRPB) কর্তৃক রীট পিটিশন এর প্রেক্ষিতে মডস জোন-২ ঢাকা ওয়াসা হতে লিফলেট, ব্যানার এবং মাইকিংসহ বিভিন্ন জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত কাজে লিফলেট, ব্যানার তৈরিকরণ ও সরবরাহ কাজের জন্য বাজার দর সংগ্রহ করা হয় (সংযুক্তি- বিবেচ্য সংযুক্তি: ক্যাশ মেমো, সদয় দ্রষ্টব্য)। এছাড়া আনুষঙ্গিক মালামালের (বাঁশ, রশি, লেবার ইত্যাদি) জন্য বাজার দর সংগ্রহ করা হয়েছে। উক্ত সরবরাহ কাজ বাবদ সর্বমোট ২৪,৪০০/- (চব্বিশ হাজার চারশত টাকা) মাত্র খরচ করার প্রয়োজন হবে।

ব্যয় বিবরণী নিম্নরূপঃ-

Item No.	Description	Unit	Quantity	Rate (In Taka)	Total Amount (In Taka)
০১।	লিফলেট তৈরি	প্রতিটি	১০০০	৬/-	৬,০০০/-
২।	ব্যানার (৪' X ৪') = ১৬ x ৭টি = ১১২ বঃফুট	প্রতি বঃ ফুট	১১২	২৫/-	২,৮০০/-
৩।	মাইকিং রিকশাসহ	প্রতিদিন	৭	লামসাম	১২,৬০০/-
৪।	বাঁশ, রশি, লেবার বাবদ	-	-	লামসাম	৩,০০০/-
মোট টাকা =					২৪,৪০০/-

কথায়ঃ চব্বিশ হাজার চারশত টাকা মাত্র।

সংযুক্তিসমূহ (১):

১। ক্যাশ মেমো।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩/৩/২৪ ১১:০৩ পূর্বাহ্ন

উক্ত ব্যয়ভার ২০২৩-২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৭ এর “অফিস মেরামত” খাতের প্যাকেজ নং-৩ এম হতে বহন করা যেতে পারে (সংযুক্তি- বিবেচ্য সংযুক্তি: ২০২৩-২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি, সদয় দ্রষ্টব্য)। পি পি আর ২০০৮ এর বিধি ৮১ (১) (সংযুক্তি-বিবেচ্য সংযুক্তি: পি পি আর ২০০৮ এর ধারা ৮১ (১)), সদয় দ্রষ্টব্য) মোতাবেক আলোচ্য সরাসরি নগদ ক্রয় কাজটির অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ার ভুক্ত।

সংযুক্তিসমূহ (২):


১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। পি পি আর ২০০৮ এর ধারা ৮১ (১)।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৩/৩/২৪ ১১:০৫ পূর্বাহ্ন


এই অবস্থায়, অনুচ্ছেদ- ১.০ ও ১.১ এর বর্ণনালোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে মহামান্য হাইকোর্ট এর আদেশ মোতাবেক বুড়ি গঙ্গা নদীর দূষণ রোধ কল্পে জনসচেতনতা মূলক কাজ বাবদ সর্বমোট ২৪,৪০০/- টাকা (চব্বিশ হাজার চারশত টাকা) মাত্র নির্বাহী প্রকৌশলী, মডস জোন-২ এর অনুকূলে সরাসরি নগদে প্রদানের অনুমোদনের জন্য পেশ করা হল। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

			
৩/৩/২৪ ১১:০৯ পূর্বাহ্ন মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	৩/৩/২৪ ১:০৬ অপরাহ্ন মোহাম্মদ ইখতিয়ার মাসউদ সহকারী প্রকৌশলী মডস জোন-২	৩/৩/২৪ ২:৪৪ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	৩/৩/২৪ ৬:৫৯ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১

৩/৩/২৪ ৬:৫৯ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৩/৩/২৪ ৮:৪৭ অপরাহ্ন

Okay

			
৩/৩/২৪ ৮:৪৮ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৪/৩/২৪ ১:২৫ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	৪/৩/২৪ ৩:০৪ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	৪/৩/২৪ ৩:০৪ অপরাহ্ন মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা